



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০- ২৮২

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৭  
১৪ মার্চ, ২০২১

### প্রজ্ঞাপন


যেহেতু, সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার ০৩নং চামরদানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাকিরুল আজাদ মান্না এর বিরুদ্ধে ০৯/১১/২০১৯ হতে ২৮/১১/২০১৯ তারিখ পর্যন্ত হোল্ডিং ট্যাক্স বাবদ ৩,৮৮,৮৫০/-টাকা আদায় করে ৪৮,০০০/-টাকা ব্যাংকে জমা করে অবশিষ্ট টাকা আত্মসাত, ভিজিডি ও শিশু খাদ্য আত্মসাত, ভিজিডির কার্ডধারীদের নিকট হতে প্রতি মাসে লেবার খরচ বাবদ অর্থ আদায়, ইউপি সদস্য ওয়াসিল আহম্মেদ জেল হাজতে থাকার পরও তার স্বাক্ষর জাল করে পরিষদের কার্যক্রম পরিচালনা করা এবং একক সিদ্ধান্তে পরিষদের বিভিন্ন কার্যক্রম পরিচালনার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২২/১১/২০২০ তারিখে ১২৫৪ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার ০৩নং চামরদানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাকিরুল আজাদ মান্না কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার ০৩নং চামরদানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জাকিরুল আজাদ মান্না-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে তাঁকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)

উপসচিব

৯৫৮৬৬০৫


Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০- ২৮২

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪২৭  
১৪ মার্চ, ২০২১

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব জাকিরুল আজাদ মান্না, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৩নং চামরদানী ইউনিয়ন পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
- ০৮। অফিস কপি।

  
(মো: আবুজাফর রিপন)  
উপসচিব